

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থ-বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের কপি।
- (২) প্রস্তুতকৃত Survey report।
- (৩) প্রস্তুতকৃত Specification।
- (৪) দর সংগ্রহের জন্য স্থানীয় ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.১১৪.২০২৫.৩৩৯; তারিখঃ ১২/১০/২০২৫ইং।
- (৫) R.I Enterprise হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ১৫/১০/২০২৫ইং।
- (৬) M/S. Al Hasib Engineering & Technology হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ১৫/১০/২০২৫ইং।
- (৭) Advance Multiple Technology হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ১৬/১০/২০২৫ইং।
- (৮) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী
- (৯) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ **“Supply of Klüberplex BEM 41-132 for Dasherakandi STP”** শীর্ষক সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং-১ হতে ৯ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারের অভ্যন্তরে Office Building, Blower Building, Storage Building, Chemical Workshop Building, ৪টি PST, ৮টি SST, ৪টি AAO Tank, ১টি SDIP, ১টি STDB, ১টি Inlet Pumping Station, ১টি UV System, ১টি SLS, ৬টি SMDB, ১টি ৩৩/১১কেভি Electric Sub-Station ইত্যাদি বিদ্যমান রয়েছে। আলোচ্য Blower Building থেকে অক্সিজেন উৎপন্ন করে AAO Tank এর Oxidation zone-এ প্রেরণ করা হয়। Blower Building এ ৬টি Blower machine বিদ্যমান রয়েছে। প্রতিটি Machine -এ ৬টি করে Bearing রয়েছে। উল্লেখ্য, উক্ত Bearing সমূহে প্রতি ২০০০ঘন্টা পর পর Grease দেয়ার প্রয়োজন হয়। বর্তমানে আলোচ্য পয়ঃশোধনাগারে Grease মজুদ না থাকার কারণে জরুরী ভিত্তিতে Grease (Klüberplex BEM 41-132) ক্রয় করা প্রয়োজন। উক্ত Grease ক্রয়ের লক্ষ্যে ৩টি সরবরাহকারী প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে ক্রমিক নং- (৩, ৪, ৫, ৬ ও ৭ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৮ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে দেখা যায় যে, Advance Multiple Technolog আলোচ্য Grease (Klüberplex BEM 41-132) সরবরাহের নিমিত্তে সর্বনিম্ন একক দর (VAT ও IT সহ) দাখিল করেছে। সর্বনিম্ন দরের আলোকে আলোচ্য পয়ঃশোধনাগারের জন্য উল্লেখিত লুব্রিকেন্ট ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৯দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ৪৭,৮০০.০০ (সাতচল্লিশ হাজার আটশত টাকা) মাত্র।

৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অভ্যন্তরে বিদ্যমান Blower এর Maintenance কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আলোচ্য “Supply of Klüberplex BEM 41-132 for Dasherakandi STP” সরবরাহ কাজটি Advance Multiple Technolog এর মাধ্যমে PPR-2008 এর ৭৬(১)(ট) অনুযায়ী সম্পন্ন করার নিমিত্তে ৪৭,৮০০.০০ (সাতচল্লিশ হাজার আটশত টাকা) (VAT ও IT সহ) টাকার অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ-বছরে বরাদ্দকৃত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৬১ হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।



২১/১০/২০২৫

অনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।






২১.১০.২০২৫

মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



২১/১০/২০২৫

মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।




২১/১০/২০২৫
মিজা সোলাম কিবরিয়া
ভূত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।




২১/১০/২০২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী